# ঢাবির বাণিজ্য অনুষদের ফল প্রকাশের ওপর স্থগিতাদেশ

## পরীক্ষা কেন বাতিল হবে না, জানতে চেয়ে রুল

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) 'গ' ইউনিট ব্যবসায় শিক্ষা অনুষদের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের ওপর দুই মাসের স্থগিতাদেশ দিয়েছে হাইকোর্ট। একই সঙ্গে ঐ পরীক্ষা কেন বাতিল করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছে আদালত। এ সংক্রান্ত রিট আবেদনের শুনানি শেষে বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি সিকদার মাহমুদুর রাজীর দ্বৈত হাইকোর্ট বেঞ্চ গতকাল বুধবার এই আদেশ দেন। এই দুই মাসের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে 'গ' ইউনিটের পরীক্ষার ফলাফলের বিষয়ে উপযুক্ত সিদ্ধান্ত নিতে বলা হয়েছে। আদেশের বিষয়টি সাংবাদিকদের জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে মামলা পরিচালনাকারী আইনজীবী মো. শিশির মনির।

গত ৮ ফেব্রুয়ারি 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষায় সরবরাহ করা বহুনির্বাচনি (এমসিকিউ) প্রশ্নে পরপর চারটি প্রশ্নের পুনরাবৃত্তি হয়। দেশের আটটি বিভাগীয় শহরে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষার 'বি' সেট প্রশ্নপত্রের অ্যাকাউন্টিং অংশে দেখা যায়, এই বিভাগের ১২টি প্রশ্নের মধ্যে চারটি প্রশ্নের হুবহু পুনরাবৃত্তি ঘটেছে। প্রশ্নপত্রের ২৫ ও ৩৩, ২৬ ও ৩৪, ২৭ ও ৩৫ এবং ২৮ ও ৩৬ নম্বরে প্রশ্নের পুনরাবৃত্তি হয়েছে।

এ নিয়ে পরীক্ষার্থী জিহান আল ফুয়াদ পুনরায় পরীক্ষার আবেদন জানিয়ে ভিসি বরাবর চিঠি দেন। কিন্তু তাতে সাড়া না পাওয়ায় বাদী হয়ে হাইকোর্টে পরীক্ষা বাতিল চেয়ে রিট করেন।